

জীবির অবস্থান ১৪৩৭

# র্যাংকিংয়ে হাজারের মধ্যে নেই বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয়

দামাহউজ্জিন মোহাম্মদ

প্রতি বছরের ন্যায় এ বছরও বিশ্ববিদ্যালয়গুলোর ওয়ার্ল্ড র্যাংকিংয়ে প্রথম এক হাজারের মধ্যে নেই বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয়। তবে গত বছরের চেয়ে এ বছর ৩৮ ধাপ এগিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আয়তন হয়েছে ১৪৩৭-এ। একই সঙ্গে এটি দেশের সবচেয়ে সেরা বিশ্ববিদ্যালয়ের স্থানটিও ধরে রেখেছে। সশ্রুতি ইউনিভার্সিটি র্যাংকিং বাই একাডেমিক পারফরম্যান্স ইউআরএসটির ২০১১ সালের প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। প্রতিষ্ঠানটির অধীনে এ বছরে বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয় হওয়ার খেঁচক অর্জন করেছে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়। আর দ্বিতীয় স্থানে রয়েছে কানাডার টরেন্টো বিশ্ববিদ্যালয়। তবে এশিয়ার মধ্যে সবচেয়ে উপরে রয়েছে জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়টি ওয়ার্ল্ড র্যাংকিংয়ে ৬ষ্ঠ স্থানে রয়েছে। আর যুক্তরাষ্ট্রের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় রয়েছে ১০ম স্থানে। বিশ্বের বিশ্ববিদ্যালয়গুলো নিয়ে র্যাংকিংকারী একটি প্রতিষ্ঠান হচ্ছে ইউআরএসি সেন্টার। তারা তাদের ২০১১ সালের রিপোর্ট প্রকাশ করে গত বছরের শেষ দিকে। তাদের ওয়েব সাইটে ([www.urapcenter.org](http://www.urapcenter.org)) ২০১১ সালের পৃথিবীর সেরা বিশ্ববিদ্যালয়গুলোর র্যাংকিং প্রকাশ করা হয়। এক্ষেত্রে তারা ৬টি ইউসিএসটির পরিমাপের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়গুলোর র্যাংকিং করেছে। এগুলো হল— ২০১০ সালে বিশ্ববিদ্যালয়টি থেকে প্রকাশিত যেট জাটিকেলসের সংখ্যা, ব্যবহৃত মাইটেশনের পরিমাণ, ব্যবহৃত ডকুমেন্টের পরিমাণ, জার্নাল ইনপ্যাট টোটাল, জার্নাল মাইটেশন ইনপ্যাট টোটাল ও আন্তর্জাতিক প্রকাশটি বিশ্ববিদ্যালয়টির সহযোগিতা।

র্যাংকিংয়ের শীর্ষে যেসব প্রতিষ্ঠান রয়েছে সেগুলো সবই 'এএ+' ক্যাটাগরির। ঢাকা বিশ্ববিদ্যালয় রয়েছে 'বি+' ক্যাটাগরিতে। আর র্যাংকিংয়ে থাকা দেশের অন্য প্রতিষ্ঠান সবগুলোই 'বি' ক্যাটাগরির। র্যাংকিংয়ে সেরা ১০-এ থাকা প্রতিষ্ঠানগুলো হচ্ছে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়, কানাডার টরেন্টো বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্রের জন হপকিন্স বিশ্ববিদ্যালয়, স্ট্রানফোর্ড বিশ্ববিদ্যালয়, ক্যানিফোর্নিয়া বার্কলে বিশ্ববিদ্যালয়, জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্রের নিশিগান অ্যান অ্যারবোর বিশ্ববিদ্যালয়, ওয়াশিংটন পিয়টন বিশ্ববিদ্যালয়, ক্যানিফোর্নিয়া লস এঞ্জেলেস বিশ্ববিদ্যালয় ও যুক্তরাষ্ট্রের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়। অধীনে দেখা যায়, সেরা দেশের ৭টি বিশ্ববিদ্যালয়ই যুক্তরাষ্ট্রের। বাংলাদেশের সেরা বিশ্ববিদ্যালয় রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। র্যাংকিংয়ে এর অবস্থান ১৪৩৭ নম্বরে। গত বছর এটি ছিল ১৪৭০-এ। দ্বিতীয় স্থানে রয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয়। র্যাংকিংয়ে এটির অবস্থান ১৭০০-এ। গত বছর ছিল ১৮১০-এ। তৃতীয় স্থানে রয়েছে বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি। ওয়ার্ল্ড র্যাংকিংয়ে প্রতিষ্ঠানটির অবস্থান ১৭৫২। গত বছর ছিল ১৭৭৬-এ। চতুর্থ স্থানে রয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। র্যাংকিংয়ে এর অবস্থান ১৭৭৪-এ, যা গত বছর ছিল ১৭৭৭-এ। আর পঞ্চম স্থানে রয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। গত বছর র্যাংকিং ১৮১৬ থেকে এ বছর ১৭৮৮ স্থানে উঠে এসেছে। এ বছরের র্যাংকিংয়ে ব্যক্তিগত করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয়। গত বছর প্রতিষ্ঠানটি দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে চতুর্থ স্থানে থাকলেও এ বছর এটি উঠে এসেছে দ্বিতীয় স্থানে।